

# Times Today BD

ডেস্ক রিপোর্ট | বাংলাদেশ | 29 March, 2025

রাজধানীর নীলক্ষেত এলাকার একটি বেসরকারি হাসপাতাল থেকে দুই মাস সাত দিন বয়সী এক শিশুর মরদেহ উদ্ধার করেছে পুলিশ। শিশুটির নাম সুমাইয়া।

শুক্রবার (২৮ মার্চ) দিবাগত রাত ১২টার দিকে নীলক্ষেত হোম ফেয়ার হাসপাতালের পাঁচ তলার পিআইসিইউ ওয়ার্ড থেকে এই শিশুর মরদেহটি উদ্ধার করে নিউমার্কেট থানা পুলিশ। পরে ময়নাতদন্তের জন্য ঢাকা মেডিকেল কলেজ মর্গে পাঠানো হয়।

হোম ফেয়ার হাসপাতালের ইনচার্জ মো. আজাদুর রহমান বলেন, সুমাইয়ার শ্বাসকষ্ট জনিত কারণে গত ২৩ মার্চ শিশুটির বাবা পরিচয় দিয়ে কামাল হোসেন হাসপাতালে ভর্তি করায়। ঠিকানা দেয়া হয় মাগুরা শালিখা উপজেলা। শিশুটি অবস্থা বেশি খারাপ হওয়ায় তাকে পিআইসিইউতে ভর্তি করা হয়। এরপর থেকে স্বজনদের খুঁজে পাওয়া যায়নি। একটি মোবাইল নম্বর দিলেও সেটি বন্ধ পাওয়া যায়। শিশুটি চিকিৎসাধীন অবস্থায় গতকাল দুপুরে মারা যায়। কিন্তু ভর্তি করার পর থেকেই তার স্বজনদেরকে খুঁজে পেয়ে থানা পুলিশে ফোন দিয়ে বিষয়টি জানানো হয়।

নিউমার্কেট থানার উপ পরিদর্শক (এসআই) মো. ফিরোজ আহমেদ বলেন, খবর পেয়ে শুক্রবার দিবাগত রাত বারোটোর দিকে নীলক্ষেত হোম ফেয়ার হাসপাতাল থেকে ওই শিশুটির মরদেহ উদ্ধার করি। হাসপাতাল কতৃপক্ষ থেকে জানা যায়, গত ২৩ শে মার্চ বাবা কামাল হোসেন মাগুরা জেলার শালিখা থানার ঠিকানায় শ্বাসকষ্ট জনিত কারণে ওই শিশুটিকে হাসপাতালে ভর্তি করা হয়। কিন্তু ভর্তির পর থেকে শিশুটির কোনো স্বজন খুঁজে পাওয়া যায়নি। গতকাল ২৮ মার্চ দুপুরে চিকিৎসাধীন অবস্থায় শিশুটি মারা যায়।

রাজধানী মরদেহ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 April, 2025 04:51

URL: <https://timestodaybd.com/bangladesh/688489169>